



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)

তারিখ : ২৫ নভেম্বর, ২০২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
১	রেজিস্ট্রার	০১	৫৬৫০০-৭৪৪০০/= (গ্রেড : ০৩)
২	প্রধান প্রকৌশলী	০১	
৩	পরীক্ষা নিয়ন্ত্রক	০১	

সকল পদে আবেদনের শেষ তারিখ : ০২ জানুয়ারি, ২০২৫

#### আবেদনের প্রক্রিয়া:


প্রার্থীকে [career.sust.edu](http://career.sust.edu) তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৬০০/= (ছয়শত) টাকা ফি (সব ধরনের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

#### যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.sust.edu](http://www.sust.edu) থেকে ডাউনলোড করা যাবে অথবা [career.sust.edu](http://career.sust.edu) এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

  
সৈয়দ হুসৈন মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)





শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

তারিখ : ২৫ নভেম্বর, ২০২৪

স্মারক নং-রেজিস/২৮(৬)/৫/৪৮২

যোগ্যতা ও অভিজ্ঞতা

রেজিস্ট্রার

প্রার্থীর স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত রেজিস্ট্রার/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ০৪ নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৮ (আট) বছরের চাকরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা পদে ন্যূনতম ২২ (বাইশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত অথবা বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও প্রশাসনিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৫৫(পঞ্চাশ) বছর।

প্রধান প্রকৌশলী

প্রার্থীর সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ০৪ নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৮ (আট) বছরের চাকরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা পদে ন্যূনতম ২২ (বাইশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।


বয়স : সর্বোচ্চ ৫৫(পঞ্চাশ) বছর।

পরীক্ষা নিয়ন্ত্রক

প্রার্থীর স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড/পাবলিক সার্ভিস কমিশন/সরকারী প্রতিষ্ঠানে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ০৪ নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৮ (আট) বছরের চাকরির অভিজ্ঞতাসহ পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা পদে ন্যূনতম ২২ (বাইশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৫৫(পঞ্চাশ) বছর।

  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

